গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, পাবনা পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

# সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুনঃরুদ্ধারের কাজ করছে। গত ৩ (তিন) বছরে পাবনা পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা আওতায় ১টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন হয়েছে। অত্র বিভাগের অধিক্ষেত্রে ১৫.০০ কিঃমিঃ খাল পূনঃখনন , ৩.০০ কিঃমিঃ বন্যানিয়ন্ত্রণ বাঁধ পুণরাকৃতিকরণ, ১টি রেগুলেটর নির্মাণকাজ ও ১টি চেকস্টাচার বাস্তবায়নের ফলে নদী ভাঙ্গান রোধ ও বন্যামুক্তকরণসহ পাবনা সেচ ও পল্লী উন্নয়ন প্রকল্পে নিয়মিত সেচ প্রদান করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পাবনা পওর বিভগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনার অধিক্ষেত্রের অবস্থান পদ্মা ও যমুনা নদীর অববাহিকায় এবং মাঝদিয়ে প্রবাহিত ইছামতি নদী পাবনা জেলার দক্ষিণ-পশ্চিম দিক হতে আগত অধিকাংশ নদীর মিলিত ধারা একত্রে প্রবাহিত হয়ে হুরাসাগরের মাধ্যমে যমুনা নদীতে পতিত হয়েছে । অধিক্ষেত্রের ভূ-প্রাকৃতিক অবস্থান, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দূর্যোগের কারণে ভৌত কাজ টেকসই করা কঠিন। শুষ্ক মৌসুমে উজানে পানি প্রবাহ বাধাগ্রস্থ হওয়ায় উত্তর-পশ্চিমভাগে পানির স্তর ক্রমাবনতি ও মরু প্রক্রিয়া আগত হওয়ায় সেচ সংকট বৃদ্ধি পায়। প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদী তীরে ভাঙ্গন এবং তীরবর্তী এলাকায় বন্যা দেখা দেয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলেও পানি সম্পদ সেক্টরে অক্টোবর মাসে বন্যার পানি কমার পর হতে শুরু করে নভেম্বর-এপ্রিল অর্থাৎ অর্থ-বছরের মাত্র ৬ (ছয়) মাস সর্বোচ্চ পাওয়া যায় কাজ সম্পাদনের জন্য। কিন্তু পাবনা পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা অধিক্ষেত্রের বেশীরভার স্থানে কাজ সম্পাদনের জন্য পাওয়া যায় মাত্র ৪(চার) থেকে ৫ (পাঁচ) মাস। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দূর্যোগ, স্থানীয় অনাকাঙ্খিত সামাজিক সমস্যা বিবিধ সমস্যার প্রশাসনিকভাবে উত্তরণ করে সর্বোৎকৃষ্ট গুনগতমান সম্পন্ন টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

গত এক দশকে উন্নয়নের ধারাবাহিকতায় ঈর্ষনীয় সাফল্য বাংলাদেশকে আরো বেশি উন্নত লক্ষ্য নির্ধারণের জন্য অনুপ্রাণিত করেছে। সরকারের ভিশন-২০২১ এর বাস্তবায়ন অভিযাত্রায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে উন্নয়নশীল দেশে উত্তোরণের যোগ্যতা অর্জন করেছে এবং ২০২৩ সাল নাগাদ উন্নয়নশীল দেশে উন্নীত হবে। সরকারের রূপকল্প-২০৪১ এর বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সাল নাগাদ একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন করার রোডম্যাপ সরকার গ্রহণ করেছে। ভূ-প্রাকৃতিক অবস্থান, জলবায়ু পরিবর্তন প্রভৃতি কারণে পানি সম্পদের সুষ্ঠু, টেকসই এবং সমন্বিত ব্যবস্থাপনা ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়। এই লক্ষমাত্রা অর্জনের জন্য পাবনা সেচ ও পল্লী উন্নয়ন প্রকল্পের পুনর্বাসন এবং একমাত্র পরমানু বিদ্যুৎ কেন্দ্র রক্ষার্থে পদ্মা নদীর অরক্ষিত স্থানে প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের জন্য ডিপিপি প্রনয়েনের কাজ চলমান আছে। ইছামতি নদী পুনরুদ্ধারের সমীক্ষা সম্পন্ন হয়েছে, ডিপিপি প্রনয়ন ও বাস্তবায়ন।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- নদী ভাঙ্গান রোধ ও বন্যামুক্তকরণ, পরিবেশের ভারসাম্য রক্ষা, ধারন ক্ষমতা ও নাব্যতা বৃদ্ধিসহ বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়নে ৭.০০ কিঃমিঃ নদী/খাল পুনঃখনন এবং ১.০০ কিমিঃ বৃক্ষরোপন। সেচ খাল ও ডাইক এবং বাঁধ মেরামত ও রক্ষনাবেক্ষনের মাধ্যমে বন্যানিয়ন্ত্রন ও সেচ কাজ পরিচালনা করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, পাবনা পওর বিভাগ

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল-এর মধ্যে ২০২২ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদেরসুষম ও সমন্বিতপানি ব্যবস্থাপনার মাধ্যমেজনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন

২. সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন

৩. নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;

২. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;

৩. ভূমি সংরক্ষণও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;

৪. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি

৫. বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা নির্মাণ, বন্যা নিয়ন্ত্রনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| বন্যা ঝুঁকি হ্রাস | ১১০ লক্ষ হেক্টরবন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (অত্র বিভাগে ১.৮৪ লক্ষ হেক্টর) | শতাংশ | ৫৯.০৫ | ৫৯.৯০ | ৬০.২৫ | ৬০.৫৫ | ৬১.০৫ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| সেচ এলাকা এবং শস্য নিভিরতা বৃদ্ধি | 16.35 লক্ষ হেক্টরসেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ(অত্র বিভাগে ১.৪৮ লক্ষ হেক্টর) | শতাংশ | ৬০.৮০ | ৬০.৯৭ | ৬১.২৮ | ৬১.৭৮ | ৬২.২৮ | কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন | ৩০ | [১.১] বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | [১.১.১] ছোট নদী, খাল ও জলাশয় পুন:খনন | সমষ্টি | কি:মি: | ২৫ | ১৩ | | ৭ | ৬.৭৫ | ৬.৫ | ৬ | ৫.৭৫ | ১০ | ১২ |
| | | [১.২] দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন | [১.২.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | সমষ্টি | কি:মি: | ৫ | ৫ | | ১ | ০.৯৫ | ০.৯ | ০.৮৫ | ০.৮ | ১.২ | ১.৫ |
| [২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন | ৩০ | [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.১] সেচ খাল খনন/ পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ১৫ | | ২.২০ | ২.০০ | ১.৭৫ | ১.৫০ | ১.৪০ | ১.৩০ | ০.৫ | ০.৪ |
| | | [২.২] সেচ অবকাঠামো | [২.২.১] সেচ খালের ডাইক মেরামত | সমষ্টি | কিঃমিঃ | ১৫ | | ০.৬০০ | ০.৫০০ | ০.৪৮০ | ০.৪৫০ | ০.৪৩০ | ০.৪০০ | ০.৭০০ | ০.৮০০ |
| [৩] নদী নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ | ১০ | [৩.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [৩.১.১] বাঁধ মেরামত ও রক্ষনাবেক্ষন | সমষ্টি | কিমি | ১০ | | ০.২২০ | ০.২০০ | ০.১৯৫ | ০.১৯০ | ০.১৮৫ | ০.১৮০ | ০.২৫০ | ০.৩০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রকৌশলী, পাবনা পওর বিভাগ, তত্তাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্তাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল হিসাবে নির্বাহী প্রকৌশলী, পাবনা পওর বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

নির্বাহী প্রকৌশলী
পাবনা পওর বিভাগ

তারিখ

তত্তাবধায়ক প্রকৌশলী
পাবনা পওর সার্কেল

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | [১.১.১] ছোট নদী, খাল ও জলাশয় পুন:খনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [১.২] দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন | [১.২.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.১] সেচ খাল খনন/ পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [২.২] সেচ অবকাঠামো | [২.২.১] সেচ খালের ডাইক মেরামত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [৩.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [৩.১.১] বাঁধ মেরামত ও রক্ষনাবেক্ষন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন | বৃক্ষরোপণের দৈর্ঘ্য | জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | ছোট নদী, খাল ও জলাশয় পুন:খনন | জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন | বৃক্ষরোপণের দৈর্ঘ্য | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | প্রয়োজনীয় বরাদ্দ ও বরাদ্দ অনুযায়ী অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। এ জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ জানানো প্রয়োজন। |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | ছোট নদী, খাল ও জলাশয় পুন:খনন | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | প্রয়োজনীয় বরাদ্দ ও বরাদ্দ অনুযায়ী অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। এ জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ জানানো প্রয়োজন। |
| দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণের মাধ্যমে সবুজায়ন | বৃক্ষরোপণের দৈর্ঘ্য | বাংলাদেশ পুলিশ | বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/পুনরাকৃতিকরণ ও নদী/জলাশয় পুনঃখনন কাজের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/পুনরাকৃতিকরণ ও নদী/জলাশয় পুনঃখনন কাজ নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন | ছোট নদী, খাল ও জলাশয় পুন:খনন | বাংলাদেশ পুলিশ | বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/পুনরাকৃতিকরণ ও নদী/জলাশয় পুনঃখনন কাজের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না। বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/পুনরাকৃতিকরণ ও নদী/জলাশয় পুনঃখনন কাজ নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | বাঁধ মেরামত ও রক্ষনাবেক্ষন | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পরিচালন ব্যয় খাতে প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়ন করা যাবে।প্রয়োজনীয় বরাদ্দ ও বরাদ্দ অনুযায়ী অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। এ জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ জানানো প্রয়োজন। |
| সেচ অবকাঠামো | সেচ খালের ডাইক মেরামত | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পরিচালন ব্যয় খাতে প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়ন করা যাবে।প্রয়োজনীয় বরাদ্দ ও বরাদ্দ অনুযায়ী অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। এ জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ জানানো প্রয়োজন। |
| ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | সেচ খাল খনন/ পুনঃখনন | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পরিচালন ব্যয় খাতে প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়ন করা যাবে।প্রয়োজনীয় বরাদ্দ ও বরাদ্দ অনুযায়ী অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। এ জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ জানানো প্রয়োজন। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ